

২০২২

বাংলা — সাধারণ

তৃতীয় সেমেস্টার

পত্র : GE/CC-3

(বাংলা কাব্য-কবিতা ও নাটক)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “নীরদনয়নে নীর ঘন সিঞ্ছনে”— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮
অথবা,
- (খ) ‘পূর্বরাগ’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? পাঠ্যপদ অবলম্বনে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬
- ২। (ক) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থের ‘সাধারণ মেয়ে’ কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো। ১০
অথবা,
- (খ) ‘আমার ভারতবর্ষ’ কবিতাটিতে সমাজসচেতন কবির দেশচেতনার যে-পরিচয় পাও তা তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১০
- ৩। (ক) ‘রাজা ও রানী’ নাটকে রাজা বিক্রমদেব চরিত্রটি বিশ্লেষণ করো। ১০
অথবা,
- (খ) ‘রাজা ও রানী’ নাটকটি সার্থক ট্রাজেডি না মেলোড্রামা— নাটকের সংরূপ বিচার করে বিষয়টি আলোচনা করো। ১০
- ৪। (ক) “কণ্টক গাড়ি কমল সম পদতল”— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? পদটিতে রাখা অভিসার-যাত্রার জন্য কী কী প্রত্নুতি নিয়েছেন সংক্ষেপে লেখো। ১+১+৩
অথবা,
- (খ) “লাখ লাখ যুগ হিয়ে হিয় রাখলুঁ
তবু হিয়া জুড়ন না গেল।।”
— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? প্রসঙ্গ নির্দেশ করে অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
- ৫। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘প্রথম পূজা’ কবিতায় কার্তিক পূর্ণিমায় পূজার উৎসব উপলক্ষ্যে ঘটা ঘটনার সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫
অথবা,
- (খ) ‘কেউ কথা রাখেনি’ কবিতায় কবির প্রতি কে কে কী কী কথা রাখেনি তা নিজের ভাষায় লেখো। ৫

Please Turn Over

- ৬। (ক) “রমণীর হৃদয়ের রহস্য কে জানে?”— কে, কাকে, কেন একথা বলেছেন? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ১+১+১+২
- অথবা,
- (খ) “থাকি যবে গৃহ কাজে— জেনো নাথ,
তোমারি সে গৃহ, তোমারি সে কাজ।”
— প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ৫
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।
- (ক) “দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে”
— পদটিতে গোপালের অভিযোগ কার প্রতি? গোপালের অভিযোগগুলি কী কী? ১+৪
- (খ) ‘বাঁশি’ কবিতা অবলম্বনে ‘কিনু গোয়ালার গলি’র বর্ণনা দাও। ৫
- (গ) ‘রাজা ও রানী’ নাটকের ইলা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫
- (ক) “আজু হাম কি পেখলুঁ...”
— ‘পেখলুঁ’ শব্দের অর্থ কী?
- (খ) “মন্দির বাহির কঠিন কপাট” — পদটির পদকর্তা কে?
- (গ) “কি মোহিনী জান বধুঁ কি মোহিনী জান”
— পদটি কোন পর্যায়ের পদ?
- (ঘ) “দুখিনীর দিন দুঃখেতে গেল।
_____ নগরে ছিলে ত ভাল?” — শূন্যস্থান পূরণ করো।
- (ঙ) “তাতল সেকত বারি-বিন্দুসম” — কোন পর্যায়ের পদ?
- (চ) ‘ছেলেটা’ কবিতায় ছেলেটির বয়স কত?
- (ছ) ‘সাধারণ মেয়ে’ কবিতায় শরৎবাবুর লেখা গল্পের বইয়ের নাম কী?
- (জ) ‘বাঁশি’ কবিতায় গণেশের ছবি কোথায় আঁটা ছিল?
- (ঝ) ‘নষ্টনীড়’ কবিতায় বাগানে কী সাজানো দেখেছেন কবি?
- (ঞ) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতায় কোন ফুলের গাছের উল্লেখ আছে?
- (ট) ‘রাজা ও রানী’ নাটকে কাশ্মীরের যুবরাজের নাম কী?
- (ঠ) অমরুরাজ কোন দেশের রাজা ছিলেন?
- (ড) দেবদত্ত কে ছিলেন?
- (ঢ) ‘ধরা ত দিয়েছি আমি আপন ইচ্ছায়,’ — বক্তা কে?
- (ণ) ‘রাজা ও রানী’ নাটকটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছিলেন?